বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 15 JUL 1995
পৃষ্ঠা ৮ কলাম ৫

আজকের কাগজ

27

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ভেটেরিনারী অনুষদ ছাত্র সমিতির আহবানে সকাল-সন্ধ্যা সর্বাত্মক হরতাল পালিত

**মোকাম্মেল হক ঃ** বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ৫ জুলাই ভেটেরিনারী অনুষদ ছাত্র সমিতির আহবানে সকাল-সন্ধ্যা সর্বাত্মক হরতাল পালিত হয়। ভেটেরিনারী অনুষদ থেকে পাসকরা ছাত্র-ছাত্রীদের সরকারি চাকরিতে নিয়োগ, বিসিএস ক্যাডার সার্ভিস চালু, একই পদে তিন ধরনের ডিগ্রির গ্র্যাজুয়েটদের কাজ করা ও ডিভিএম এবং পশু পালন ডিগ্রিধারীদের বিদ্যমান কলহ ও দ্বন্দ্বের অবসানের লক্ষ্যেই এই হরতাল পালিত হয়। হরতাল চলাকালে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য অনুষদে কোনো ক্লাস বা সাময়িক পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। হরতালের সময় প্রচণ্ড বৃষ্টির মধ্যে তারা মিছিল ও সমাবেশ করেছেন। সমাবেশে ছাত্র সমিতির নেতারা বক্তব্য রাখেন। এ সময় ভেটেরিনারী ছাত্র সমিতির সহসভাপতি জাহাঙ্গীর আলম ও সাধারণ সম্পাদক একেএম খসরুজ্জামান বলেন– বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে পশু চিকিৎসা এবং পশু পালনের উপর ডিগ্রি দেয়া হয়। কিন্তু নব প্রতিষ্ঠিত সিলেট ও চট্টগ্রামের ভেটেরিনারী কলেজের ভর্তি বিজ্ঞপ্তিতে স্নাতক পশু চিকিৎসা ও পশুপালন কম্বাইন্ড ডিগ্রির কথা ঘোষণা করা হয়েছে। একই দেশে একই ক্ষেত্রে তিন ধরনের টেকনোক্র্যাট সৃষ্টির ফলে পেশায় ত্রিমুখী দ্বন্দ্বের সূত্রপাত হবে। তারা আরো বলেন– বাংলাদেশে বর্তমানে পশু সম্পদ অধিদফতরের এন্টি লেভেল কর্মকর্তা পর্যায়ে পদের সংখ্যা ৭০৫টি এর মধ্যে ২৯৭টি থানা পর্যায়ে ৫২৩টি পদের মধ্যে ২৩০টি জেলা পর্যায়েও বেশ কিছু শূন্য পদ রয়েছে। এতদসত্ত্বেও ১০ম বিসিএস থেকে (পশু সম্পদ) ক্যাডারে নিয়োগ বন্ধ এবং দেশে প্রায় চার শতাধিক গ্র্যাজুয়েট বেকার। তাদের দাবি হল প্রস্তাবিত সিলেট ও চট্টগ্রাম ভেটেরিনারী কলেজের ডিগ্রির নামকরণ ডিভিএম (DVM- Doctor of Veterinary Medicine) করা হোক; ভেটেরিনারী সার্জন (VS) পদে অভেটেরিনারীয়ানদের কোনো প্রকার কনডেন্সড/ট্রেনিংয়ের মাধ্যমে ভিএস পদে নিয়োগ করা চলবে না। পাস করা গ্র্যাজুয়েটদের সরকারি চাকরিতে নিয়োগের জন্যে স্পেশাল বিসিএস-এর ব্যবস্থা করা হোক। এখানে উল্লেখ্য, এ সব দাবি নিয়ে গত এক মাস যাবত নিয়মতান্ত্রিক আন্দোলন করছে এবং গত এক সপ্তাহ যাবত উক্ত অনুষদের ছাত্র-ছাত্রীরা ক্লাশ বর্জন করছে, মিছিল মিটিং করেছে এবং হরতালের ডাক দিয়েছিল। তারা বলেছে তাদের দাবি মানা না হলে ভেটেরিনারী ছাত্র সমিতি আরো জোরদার আন্দোলনের ঘোষণা দেবে। এদিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারী সায়েন্স ও এনিম্যাল হাজবেন্ড্রি অনুষদ দু'টির গ্র্যাজুয়েটদের সমস্যা, সাম্প্রতিককালে প্রস্তাবিত দু'টি ভেটেরিনারী কলেজের শিক্ষাক্রম ও ডিগ্রি সম্পর্কিত বিষয়ে কৃষি বিশ্ববিদ্যালয় পর্যায়ে একটি সমন্বিত ও ঐকমত্যের ভিত্তিতে নীতি ও কার্যক্রম সুপারিশের জন্য ফসল উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ মোঃ আরশাদ আলীকে চেয়ারম্যান করে ভেটেরিনারী অনুষদ হতে ৫ জন ও পশু পালন অনুষদ হতে ৫ জন প্রবীণ শিক্ষক সমন্বয়ে দশ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ শাহ মোহাম্মদ ফারুক কর্তৃক গঠিত কমিটিতে সদস্য হিসেবে রয়েছেন ভেটেরিনারী অনুষদ থেকে প্রফেসর ডঃ মনসুরুল আমিন, প্রফেসর ডঃ খন্দকার সিরাজুল ইসলাম, প্রফেসর ডঃ আতাউর রহমান, প্রফেসর ডঃ আবদুল আউয়াল ও ডঃ মঈন উদ্দিন এবং এনিম্যাল হাজবেন্ড্রি অনুষদ থেকে প্রফেসর ডঃ এসএম বুলবুল, প্রফেসর নজমুল হাসান, প্রফেসর আবিদুর রেজা, প্রফেসর ডঃ আবদুর রহমান ও ডঃ নুরুল ইসলাম। কমিটির সচিব হলেন সহকারী রেজিস্ট্রার নুরুল ইসলাম খান। কমিটিকে ছয় সপ্তাহের মধ্যে চূড়ান্ত রিপোর্ট প্রদানের নির্দেশ দেয়া হয়েছে।